দৈনিক বাংলা

তারিখ 07 AUG 1994
পৃষ্ঠা ? কলাম ?

14

পরীক্ষা পেছানোর দাবি

# ঢাকা মেডিক্যালে ভাঙচুর ঃ আউটডোরে তালা

স্টাফ রিপোর্টার ঃ ঢাকা মেডিক্যাল কলেজের ৪র্থ বর্ষের ছাত্রদের পরীক্ষা পেছানোর দাবি কেন্দ্র করে শনিবার সকালে কলেজে ভাঙচুর, ফটো সাংবাদিককে প্রহার ও আউটডোরে তালা লাগিয়ে দেয়া হয়।

জানা যায়, শনিবার সকাল ৮টায় ঢাকা মেডিক্যাল কলেজের ৪র্থ বর্ষের কিছু ছাত্র পরীক্ষার তারিখ পেছানোর দাবিতে কলেজ ক্যাম্পাসে মিছিল বের করে। এ সময় পরীক্ষার ফরম পূরণের জন্য আসা ছাত্র-ছাত্রীরা এই দাবির বিরোধিতা করে ফরম সংগ্রহ ও পূরণের চেষ্টা করে। উত্তেজিত মিছিলকারীরা তখন আউটডোরের বিভিন্ন কক্ষে তালা লাগিয়ে দেয় এবং কলেজের মেইন গেটেও তারা লাগানোর চেষ্টা করে। কলেজ কর্তৃপক্ষ মিছিলকারীদের সঙ্গে কথা বলার এক পর্যায়ে কতিপয় ছাত্র গেটের বাইরে কিছু চেয়ার ভাঙচুর করে। এ সময় একজন ফটোগ্রাফারকে উত্তেজিত ছাত্ররা মারধর করে এবং তাঁর ক্যামেরা ও টাকা-পয়সা ছিনিয়ে নেয় বলে অভিযোগ পাওয়া যায়।

(৫-এর পৃঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর)

## ঢাকা মেডিক্যালে ভাঙচুর ঃ আউটডোরে তালা

এ ঘটনার খবর প্রেসক্লাবে পৌছলে উপস্থিত ফটোগ্রাফারদের মধ্যে উত্তেজনার সৃষ্টি হয়। দুপুর সাড়ে ১২টার দিকে ছাত্র নামধারী একদল যুবক প্রেসক্লাবের মেইন গেট ভেঙ্গে ভিতরে প্রবেশ করে সাংবাদিকদের ১১টি মোটর সাইকেল, ৩টি গাড়ি এবং প্রেসক্লাব ভবনের কাচের দরজা-জানালা ভাঙচুর করে। উপস্থিত ফটো সাংবাদিকরা এই হামলা প্রতিহত করতে এগিয়ে যায়।

এ সময় প্রেসক্লাবের বাইরে মিরপুর ইউনানী ও হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজের ছাত্ররা বিভিন্ন দাবি নিয়ে সমাবেশ করছিল। উত্তেজনা সেখানেও ছড়িয়ে পড়ে। এ সময় পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজের ৫ জন ছাত্র আহত হয় এবং তাদের ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। পুলিশ ঘটনাস্থল থেকে তিনজন ছাত্রকে আটক করে। পরে তাদের ছেড়ে দেয়া হয়।

উল্লেখ্য, ঢাকা মেডিক্যাল কলেজের ৪র্থ বর্ষের ছাত্রদের পরীক্ষা পয়লা সেপ্টেম্বর থেকে শুরু হওয়ার কথা। একশ ৫০ জন পরীক্ষার্থীর মধ্যে শনিবার প্রথম দিনে ৭৬ জন ছাত্র-ছাত্রী প্রতিরোধের পরেও তাদের ফরম পূরণ করে কলেজে জমা দিয়েছেন।

### মেডিক্যাল কলেজ ছাত্র সংসদ

ঢাকা মেডিক্যাল কলেজ ছাত্র সংসদের ভিপি মোস্তাফিজুল আজিজ জামি এবং জিএস এম এ আলীম শনিবার এক বিবৃতিতে কলেজ ক্যাম্পাসে ফটোগ্রাফার লাঞ্ছিত হওয়ার ঘটনায় দুঃখ ও সমবেদনা প্রকাশ করেছেন। তাঁরা এই ভুল বুঝাবুঝির অবসান কামনা করেছেন।

### হামলার নিন্দা

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল ঢাকা মেডিক্যাল কলেজ শাখার সভাপতি এ কে এম মহিউদ্দিন মাসুদ ও সাধারণ সম্পাদক মাজহারুল হক এক বিবৃতিতে বলেন, মেডিক্যাল কলেজ ক্যাম্পাসে বহিরাগত দুষ্কৃতকারীরা যে ঘটনা ঘটিয়েছে এবং একজন ফটোগ্রাফারের ক্যামেরা ছিনতাই করে তাকে যেভাবে লাঞ্ছিত করেছে তার তীব্র নিন্দা এবং দোষীদের বিচার দাবিকরছি।

সাংবাদিকদের উপর হামলার নিন্দা জানিয়ে বিবৃতি দিয়েছে গণতান্ত্রিক সর্বহারা পার্টি, গণতান্ত্রিক শ্রমিক মঞ্চ প্রভৃতি সংগঠন।